

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৬৫৭

তেলিয়ামুড়া, ১৪ নভেম্বর, ২০২৩

রাজ্যভিত্তিক শিশু দিবস

শিশুরাই আগামীদিনে দেশের ভবিষ্যৎ : সরকারি মুখ্যসচেতক

শিশুরাই আগামীদিনে দেশের ভবিষ্যৎ। তাই শিশুদের সঠিকভাবে গড়ে তুলতে হবে। প্রতিটি শিশুরই শিক্ষা, পুষ্টি ও স্বাস্থ্য পরিষেবা পাওয়ার অধিকার রয়েছে। আজ খোয়াইয়ের নতুন টাউনহলে রাজ্যভিত্তিক শিশু দিবস উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন করে বিধানসভার সরকারি মুখ্যসচেতক বিধায়ক কল্যাণী সাহা রায় একথা বলেন। তিনি বলেন, শিশুদের অধিকার সুনির্ণিত করতে আমাদের সবার এগিয়ে আসতে হবে। বিদ্যালয় শিক্ষা দপ্তরের উদ্যোগে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে খোয়াই জিলা পরিষদের সভাপতি জয়দেব দেববর্মা বলেন, শিশুদেরকে আগামীদিনের যোগ্য নাগরিক হিসেবে গড়ে তুলতে শিক্ষক ও অভিভাবকদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। বিধায়ক পিনাকী দাস চৌধুরী বলেন, শিশুদের সার্বিক বিকাশে শিক্ষক অভিভাবকদের আরও দায়িত্বান হতে হবে। বিদ্যালয় শিক্ষা দপ্তরের অধিকর্তা নৃপেন্দ্র চন্দ্র শর্মা বলেন, শিশুদের প্রতি সমাজের দায়িত্ববোধ স্মরণ করে দিতেই প্রতি বছর শিশু দিবসের আয়োজন করা হয়। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন রাজ্যভিত্তিক শিশু দিবস উদযাপন কমিটির কনভেনার রতন দেববর্মা। উপস্থিত ছিলেন তেলিয়ামুড়া পুরপরিষদের চেয়ারপার্সন রূপক সরকার, খোয়াই পুরপরিষদের চেয়ারপার্সন দেবাশিস নাথ শর্মা, খোয়াই জিলা পরিষদের কর্মবিষয়ক স্থায়ী কমিটির সভাপতি সুব্রত মজুমদার, অতিরিক্ত জেলাশাসক কেশব কর প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা শিক্ষা আধিকারিক দীনেশ দেববর্মা। অনুষ্ঠানে অতিথিগণ প্রাক্তন প্রধানমন্ত্রী পণ্ডিত জওহরলাল নেহরুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জানান। অনুষ্ঠানে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের নিয়ে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

\*\*\*\*\*